



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
Bangladesh Madrasah Education Board, Dhaka.

নং বামাশিবো/সংস্থা/ ০০০২৭

তারিখঃ ৩০/০৬/২০১৬।

অফিস আদেশ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের নামের Facebook Account টি <https://www.facebook.com/bmebedu> যথাযথ ব্যবহার ও নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলোঃ-

- ১। সরকারের কর্মকাণ্ডের ইতিবাচক প্রচারণার ব্যবস্থা করতে হবে।
- ২। কোন অপরিচিত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত/অন্তর্ভুক্ত করা যাবে না।
- ৩। রাজনৈতিক কোন মতামত প্রদান করা যাবে না।
- ৪। তালিকাভুক্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক অনাকাঙ্ক্ষিত/বিরূপ মন্তব্য করা হলে তাৎক্ষণিক তাকে বা ঐ প্রতিষ্ঠানকে তালিকা থেকে রিমুভ/ডিলিট করে দিতে হবে।
- ৫। অত্র বোর্ডের কর্মকাণ্ড সম্পর্কিত বিষয়ে কোন মাদরাসার শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক বা সংশ্লিষ্ট কোন ব্যক্তিবর্গ কোন কিছু জানতে আগ্রহী হলে সর্বদা যথাসম্ভব মার্জিত ভাষায় ইতিবাচক জবাব দিতে হবে।
- ৬। বোর্ডের বিভিন্ন বিজ্ঞপ্তি, সার্কুলার ও জনসম্পৃক্ত সিদ্ধান্তসমূহ Facebook এ প্রচারণার ব্যবস্থা করতে হবে।
- ৭। কোন ব্যক্তি, গোষ্ঠি বা সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে এরূপ বক্তব্য/মন্তব্য করা যাবে না।
- ৮। ইতোমধ্যে বোর্ডের নাম বা মনোহ্রাম ব্যবহার করে আঞ্চলিক কার্যালয় থেকে যে সব Facebook Account খোলা হয়েছে তা অনতিবিলম্বে বন্ধ করতে হবে।

বোর্ডের সিনিয়র সিস্টেম এনালিস্ট এর সার্বিক তত্ত্বাবধানে উপরোক্ত কার্যাবলি অর্থাৎ বোর্ডের Facebook Account এবং ওয়েব সাইটটি (www.bmeb.gov.bd) নিয়মিত মনিটরিং এবং রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে হবে।

(প্রফেসর এ.কে.এম. ছায়েফ উল্লাহ)

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বোর্ডের অধিভুক্ত সকল মাদরাসা প্রধান

অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ২। প্রকাশনা নিয়ন্ত্রক, ঐ
- ৩। মাদরাসা পরিদর্শক। ঐ
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঐ
- ৫। উপ-রেজিস্ট্রার (প্রশাসন) ঐ
- ৬। উপ-রেজিস্ট্রার (কমন) ঐ
- ৭। উপ-পরিদর্শক, ঐ
- ৮। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়) ঐ
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, ঐ
- ১০। প্রোগ্রামার এন্ড আইসিটি ইন চার্জ, ঐ
- ১১। সহকারি প্রকৌশলী, ঐ
- ১২। সহকারি পরিদর্শক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/ চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/ ময়মনসিংহ অঞ্চল।

(তার অঞ্চল থেকে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের নামে কোন Facebook Account খোলা হয়ে থাকলে অবিলম্বে তা বন্ধ করে দেয়ার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ মুজিবুর রহমান)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

৯৬৭৪৮৭৪